গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
www.paikgasa.khulna.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং- ০৫.৪৪.৪৭৬৪.০০১.৩৫.০০৩.২৫-১৯৩০

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : গণভোট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধিতে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত

সূত্র : নির্বাচন কমিশনের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি গণভোট অনুষ্ঠিত হবে। উক্ত গণভোটে ৪টি প্রস্তাব রয়েছে এবং প্রস্তাবগুলোর আলোকে 'হ্যাঁ' বা 'না' ভোট প্রদান করতে হবে। গণভোটের প্রস্তাবগুলো হইলো:

ক) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হইবে,

খ) আগামী জাতীয় সংসদ হইবে দুই কক্ষ বিশিষ্ট ও জাতীয় সংসদ নির্বাচনে দল গুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হইবে এবং সংবিধান সংশোধন করিতে হইলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হইবে।

গ) সংসদে নারী প্রতিনিধি বৃদ্ধি, বিরোধীদল হইতে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, মৌলিক অধিকার, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রপতির ক্ষমতাসহ তফশিলে বর্ণিত যে ত্রিশটি বিষয়ে জুলাই জাতীয় সনদে ঐকমত্য হইয়াছে, সেগুলো বাস্তবায়নে আগামী সংসদ নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দলগুলো বাধ্য থাকবে।

ঘ) জুলাই জাতীয় সনদে বর্ণিত অপরাপর সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হইবে।

উল্লিখিত বিষয় সম্পর্কে নিজ নিজ দপ্তর পরিচালিত উঠান বৈঠক, সেমিনার ও অংশীজনদের সাথে সভায় উপস্থাপনপূর্বক গণসচেতনতা বৃদ্ধিতে সহায়তা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক: সব দপ্তর প্রধান

২৯/১২/২০২৫
ওয়াসিউজ্জামান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী রিটানিং অফিসার
পাইকগাছা, খুলনা

অনুলিপি:
১) জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, খুলনা।